# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

## প্রতিষ্ঠাতৃ-দিবস

২০এ জানুয়ারি

১৯৫৯

# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

**প্রতিষ্ঠাতৃ-দিবস, ২০এ জানুয়ারি ১৯৫৯**

**বাঙলার** শিক্ষাক্ষেত্রে পাশ্চাত্য আদর্শের সঞ্চারকাল এক স্মরণীয় যুগসন্ধি। উনিশ শতকের প্রথম পাদে ১৮১৭ খ্রীস্টাব্দে আদর্শপ্রাণ. দেশীয় ও বৈদেশিক কয়েকজন শিক্ষাব্রতীর প্রয়াসে হিন্দু কলেজের প্রতিষ্ঠা হয়। আজ সর্বাগ্রে, সর্বান্তঃকরণে, সশ্রদ্ধচিত্তে তাঁদের কথা স্মরণ করি।

১৮৫৫ খ্রীস্টাব্দে হিন্দু কলেজ রূপান্তরিত হ'ল প্রেসিডেন্সি কলেজে। হিন্দু কলেজের জন্মকাল থেকে অদ্যাবধি এই সুদীর্ঘ ১৪২ বৎসরের প্রবাহে প্রেসিডেন্সি কলেজের নিজস্ব আয়ুষ্কালও শতবর্ষের সীমা অতিক্রম করেছে।

বাঙলার এই শতাধিক বৎসরের সর্বোন্নয়ন-সাধনায় দেশের জ্ঞানী. গুণী. নেতা ও কর্মীর নিরন্তর যে শোভাযাত্রা এগিয়ে গেছে. তাঁদের অনেকেরই ছাত্রজীবন উদ্‌যাপিত হয়েছে এই প্রেসিডেন্সি মহাবিদ্যালয়ে। এখানকার বিশিষ্ট ঐতিহ্য ও আদর্শের কথা স্মরণ ক'রে আমাদের ১৪২ পূর্তির এই উৎসব-সভায় এই প্রতিষ্ঠানের গত বছরের কার্যবিবরণী নিবেদন করছি।

### বিভিন্ন পরীক্ষার ফল

কলেজের ছাত্রসংখ্যা বর্তমানে ১.২৫৪. তার মধ্যে ছাত্রীর সংখ্যা ১৯১। ২৪০ জন ছাত্রছাত্রী বিভিন্ন পরীক্ষায় কৃতিত্ব সহকারে উত্তীর্ণ হয়ে সরকারী বৃত্তি লাভ করেছে। অসচ্ছল অবস্থার মেধাবী ২৮৫ জন এবং ১১৪ জন উদ্বাস্তু ছাত্রছাত্রী বিভিন্ন বৃত্তি নিয়ে পড়াশুনা করছে।

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষায় প্রেসিডেন্সি কলেজের মান অক্ষুণ্ণ আছে। আই এ এবং আই এস-সি পরীক্ষায় আমাদের পাসের হার যথাক্রমে ৯৩.১ এবং ৯৭.৫৯। আই এস-সি পরীক্ষায় ১৬৬ জনের মধ্যে ১৫৫ জন প্রথম বিভাগে এবং প্রথম দশজনের মধ্যে আট জন উত্তীর্ণ হয়েছে। আই এ পরীক্ষায় ৫৮ জনের মধ্যে ৪৪ জন প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে এবং প্রথম দশ জনের মধ্যে আছে দু'জন। বি এ এবং বি এস-সি পরীক্ষায় যথাক্রমে ১১৩ এবং ১৩৮ জন উত্তীর্ণের মধ্যে প্রথম শ্রেণীর অনার্স পেয়েছে ৩৬ জন। এম এ এবং এম এস-সি পরীক্ষার ফল এখনও প্রকাশিত হয় নি। বিভিন্ন পরীক্ষায় যারা কৃতিত্ব দেখিয়েছে এবং পদক ও পুরস্কার লাভ করেছে, পরিশিষ্টে তাদের নামের তালিকা ছাপা হ'ল।

### অধ্যক্ষ ও অধ্যাপকমণ্ডলীর পরিবর্তন ও অন্যান্য সংবাদ

কলেজের শিক্ষকমণ্ডলীতে এবারে বেশ-কিছু পরিবর্তন হয়েছে। প্রথমেই বেদনার্ত হৃদয়ে আমরা কলেজের অধ্যক্ষ এফ জে ফ্রেন্ড পেরেরার মৃত্যুসংবাদ জ্ঞাপন করি। গত গ্রীষ্মের ছুটিতে রাঁচিতে তিনি লোকান্তরিত হয়েছেন (২৫এ মে ১৯৫৮)। ভদ্র ও অমায়িক ব্যবহার দ্বারা তিনি সকলের হৃদয় জয় করেছিলেন। অধ্যক্ষ পেরেরার অসুস্থ অবস্থার প্রথম দিকে জানুয়ারি-ফেব্রুয়ারি মাসে ডক্টর সুবোধচন্দ্র সেনগুপ্ত অধ্যক্ষপদে কাজ করেছিলেন। অধ্যক্ষ পেরেরার মৃত্যুর পর উদ্ভিদবিদ্যার ডক্টর পরমনাথ ভাদুড়ী কিছুকাল কলেজের কাজ চালিয়েছিলেন। অতঃপর সেন্ট্রাল ক্যালকাটা কলেজের অধ্যক্ষ এবং এখানকার গণিত বিভাগের ভূতপূর্ব অধ্যাপক ডক্টর সনৎকুমার বসু ৩রা সেপ্টেম্বর ১৯৫৮ তারিখে এই কলেজের অধ্যক্ষপদে বদলি হয়ে এসেছেন।

এ বছর সরকারী কাজ থেকে যাঁরা অবসরগ্রহণ করলেন, তাঁদের মধ্যে দর্শনের শ্রীগোপীনাথ ভট্টাচার্য সুবিখ্যাত পণ্ডিত অধ্যাপকরূপে সকলেরই সুপরিচিত। ভূতত্ত্ব বিভাগের প্রধান অধ্যাপক ডক্টর মনোমোহন চট্টোপাধ্যায় বৈজ্ঞানিকরূপে বিশেষ প্রতিষ্ঠা অর্জন করেছিলেন। রসায়ন বিভাগের শ্রীননীগোপাল চক্রবর্তীও অবসর নিলেন; তিনি প্রেসিডেন্সি কলেজের সবচেয়ে পুরনো অধ্যাপক। শিক্ষকতাগুণে ছাত্রদের মধ্যে তিনি গভীর শ্রদ্ধা আকর্ষণ করতে সমর্থ হয়েছিলেন।

ইংরেজী বিভাগের ডক্টর সুবোধচন্দ্র সেনগুপ্ত এবং শ্রীতারাপদ মুখোপাধ্যায়ের কার্যকাল শেষ হ'লে তিন বৎসরের জন্য তাঁরা পুনর্নিযুক্ত হয়েছেন। শ্রীকালীপদ দাশগুপ্ত ইংলণ্ড থেকে ফিরে এসে সহকারী অধ্যাপকরূপে কাজে যোগ দিয়েছেন এবং ডক্টর শিশিরকুমার চট্টোপাধ্যায় কৃষ্ণনগর কলেজে বদলির আদেশ পেয়েছেন। এই বিভাগেরই উপাধ্যায় শ্রীরবীন্দ্রনাথ মজুমদার ঝাড়গ্রাম রাজ কলেজে বদলি হয়েছেন। শ্রীচিন্তাহরণ চক্রবর্তীর অবসরগ্রহণে ডক্টর হরপ্রসাদ মিত্র সেন্ট্রাল ক্যালকাটা কলেজ থেকে বাঙলা বিভাগের প্রধান অধ্যাপকরূপে এখানে কাজে যোগ দিয়েছেন। সংস্কৃত কলেজে ছাত্রবৃদ্ধির জন্য প্রবর্তিত বাঙলা বিভাগের নতুন পদে শ্রীভোলানাথ ঘোষ বাইরের কলেজ থেকে যোগ দিয়েছেন; ইতিহাস বিভাগে সংস্কৃত কলেজ থেকে ডক্টর শিশির মিত্র এখানে কিছুকাল কাজ ক'রে আবার পূর্ব কর্মস্থলে ফিরে গিয়েছেন। অর্থনীতি বিভাগের ডক্টর তাপস মজুমদার অধ্যাপক পদে উন্নীত হয়েছেন। এই বিভাগের শ্রীধীরেশচন্দ্র ভট্টাচার্য জাতীয় পরিকল্পনা কমিশনে কর্মভার নিয়ে চ'লে যাওয়ায় শ্রীঅমিয় বাগচী তাঁর জায়গায় সহকারী অধ্যাপক পদে যোগ দিয়েছেন। দর্শনের অধ্যাপক শ্রীগোপীনাথ ভট্টাচার্যের জায়গায় কৃষ্ণনগর কলেজ থেকে এসেছেন শ্রীপরেশচন্দ্র ভট্টাচার্য। এই বিভাগে হুগলি থেকে এসেছেন ডক্টর তারাশঙ্কর ভট্টাচার্য।

গণিত বিভাগের শ্রীকামিনীকুমার দে অবসরগ্রহণ করেছেন; তাঁর জায়গায় কৃষ্ণনগর কলেজ থেকে এসেছেন শ্রীসুশীল দাশগুপ্ত। শ্রীমণীন্দ্রকুমার রায় সেন্ট্রাল ক্যালকাটা কলেজে বদলি হয়ে গিয়েছেন এবং ঐ কলেজ থেকে এসেছেন ডক্টর কৈলাসনাথ ভট্টাচার্য। রসায়ন বিভাগের ডক্টর নির্মলেন্দুনাথ রায় দার্জিলিঙ কলেজের অধ্যক্ষ নিযুক্ত হয়ে গিয়েছেন। শ্রীননীগোপাল চক্রবর্তীর জায়গায় কৃষ্ণনগর কলেজ থেকে এসেছেন ডক্টর কিরণচন্দ্র সেন। সেই কলেজ থেকেই এসেছেন শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত। ডক্টর ধীরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় আমেরিকা থেকে উচ্চতর শিক্ষা শেষ ক'রে রসায়ন বিভাগের সহকারী অধ্যাপকরূপে যোগ দিয়েছেন। শ্রীমুকুল দাশ লেকচারার পদে এবং শ্রীকৃষ্ণনাথ মণ্ডল ও শ্রীত্রিদিবেন্দ্র মিত্র ডিমনস্ট্রেটর পদে নিযুক্ত হয়েছেন। পদার্থতত্ত্ব বিভাগে ডক্টর অমরেন্দ্রনাথ ঘোষাল কানাডা থেকে শিক্ষা সমাপ্ত ক'রে ফিরে এসেছেন। শ্রীনগেন্দ্রনাথ দাশের কার্যকাল শেষ হ'লে তাঁকে আবার এক বৎসরের জন্য নিযুক্ত করা হয়েছে। শ্রীসুভাষরঞ্জন বসুর শূন্যপদ এখনও পূর্ণ হয় নি। পদার্থবিদ্যার অধ্যাপক শ্রীব্রজেন্দ্রনাথ সেন অবসরগ্রহণের পর কিছুদিনের জন্য পুনর্নিযুক্ত হয়েছেন। ভূতত্ত্ব বিভাগের সুপরিচিত অধ্যাপক ডক্টর মনোমোহন চট্টোপাধ্যায় অবসরগ্রহণ করলে ডক্টর এ কে বন্দ্যোপাধ্যায় অধ্যাপক পদে উন্নীত হয়েছেন। শ্রীশৈলেন্দ্রমোহন মুখোপাধ্যায় এই বিভাগে সহকারী অধ্যাপক পদে উন্নীত হয়েছেন। শারীরতত্ত্ব বিভাগে শ্রীরবীন্দ্রনাথ সেন লেকচারার পদে নিযুক্ত হয়েছেন ও শ্রীঅতুলচন্দ্র দেবনাথ গবেষণার জন্য ছুটি নেওয়ায় শ্রীজগদীশ মল্লিক ডিমনস্ট্রেটর নিযুক্ত হয়েছেন। সংখ্যাতত্ত্বের

শ্রীপ্রসাদকুমার বন্দ্যোপাধ্যায় পদত্যাগ করলে এই কলেজের প্রাক্তন ছাত্র শ্রী এম কে গুপ্ত শূন্যপদ পূরণ করলেন। প্রাণিতত্ত্ব বিভাগে শ্রীসুজিৎ দাশগুপ্ত উপাধ্যায় পদে নিযুক্ত হয়েছেন। ভূগোলের ডক্টর নিশীথরঞ্জন কর পশ্চিম জার্মানী ও আমেরিকা থেকে শিক্ষা শেষ ক'রে ফিরে এসেছেন। উদ্ভিদবিদ্যার ডক্টর সতীনাথ ভাদুড়ী দার্জিলিঙ কলেজে বদলি হয়ে গিয়েছেন; তাঁর জায়গায় ঐ কলেজ থেকে এসেছেন ডক্টর চিত্ততোষ দত্ত; উদ্ভিদবিদ্যার শ্রীনিরঞ্জন পাল সেন্ট্রাল ক্যালকাটা কলেজে বদলি হয়েছেন। ভূগোলের শ্রীঅমিয়ভূষণ চট্টোপাধ্যায় এবং উদ্ভিদবিদ্যার শ্রীঅশোক কর উচ্চশিক্ষার জন্য বিদেশ যাত্রা করেছেন। ইতিহাসের শ্রীসুধীর পাল ভারতীয় শাসন বিভাগে যোগ দিয়েছেন।

## বিভিন্ন বিভাগে গবেষণা

ইতিহাস বিভাগের ডক্টর অমলেশ ত্রিপাঠী গত গ্রীষ্মের ছুটিতে কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক ভারতবর্ষের আর্থনীতিক ইতিহাসের দলিলপত্র সংগ্রহ করবার জন্য লন্ডনে প্রেরিত হয়েছিলেন। লন্ডন বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ওরিয়েন্টাল অ্যান্ড আফ্রিকান স্টাডিজ তাঁর গবেষণার সুবিধার জন্য আগামী বৎসর তাঁকে সম্মানিত অতিথিরূপে আমন্ত্রণ জানিয়েছেন। ভারত-সরকারের পরিকল্পনা কমিশন আমাদের অর্থনীতি বিভাগকে ১৯,৮০০ টাকা দিয়েছেন আঠার মাসের গবেষণাকার্যের জন্য। তিনজন গবেষক বর্তমানে এই কার্যে নিরত আছেন। উদ্ভিদবিদ্যা বিভাগের প্রধান অধ্যাপক ডক্টর পরমনাথ ভাদুড়ী মাদ্রাজে অনুষ্ঠিত ভারতীয় বিজ্ঞান মহাসভার কৃষিবিদ্যা শাখার সভাপতিত্ব করেছেন। হিন্দী বিভাগের অধ্যাপক শ্রীতারকনাথ আগরওয়ালা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ডি ফিল উপাধি লাভ করেছেন। ইংরেজী বিভাগের শ্রীকালীপদ দাশগুপ্ত লন্ডন বিশ্ববিদ্যালয়ের পি-এইচ ডি অর্জন ক'রে ফিরে এসেছেন। ভূতত্ত্ব বিভাগের শ্রীঅজিতকুমার সাহা টরন্টো বিশ্ববিদ্যালয়ের পি-এইচ ডি এবং কলিকাতা বিশ্ব-বিদ্যালয়ের ডি ফিল উপাধি পেয়েছেন।

ইংরেজী স্নাতকোত্তর বিভাগের দু'জন ছাত্রছাত্রী শ্রীঅশোককুমার মুখোপাধ্যায় এবং শ্রীযশোধরা সেনগুপ্ত সরকারী বৃত্তি পেয়ে অক্সফোর্ডে উচ্চশিক্ষার জন্য যাত্রা করেছে। অধ্যাপক সচ্চিদানন্দ বন্দ্যোপাধ্যায়ের অধীনে গবেষণা ক'রে শ্রীধীরেন্দ্রনাথ নন্দী, শ্রীধূর্জটিপ্রসাদ চট্টোপাধ্যায়, শ্রীসুভাষ মুখোপাধ্যায়, শ্রীসুখময় লাহিড়ী, শ্রীপ্রেমশঙ্কর আগরওয়ালা এবং শ্রীসুনীলকুমার পাইন বিজ্ঞানে ডি ফিল উপাধি পেয়েছেন। দর্শনের শ্রীতারাশঙ্কর ভট্টাচার্যের অধীনে শ্রীজটিল সরকার ডি ফিল উপাধি পেয়েছেন।

এ ছাড়াও শারীরতত্ত্ব বিভাগে গবেষণার জন্য ইন্ডিয়ান কাউন্সিল অব মেডিক্যাল রিসার্চ, কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ, ন্যাশনাল ইনস্টিটিউট অব সায়ান্সেস অব ইন্ডিয়া, ভারত-সরকার এবং পশ্চিমবঙ্গ-সরকার অর্থসাহায্য করেছেন।

বলা বাহুল্য কলেজের বিভিন্ন বিভাগেই অধ্যাপকদের তত্ত্বাবধানে গবেষণার কাজ চ'লে আসছে। প্রেসিডেন্সি কলেজের অধ্যাপকেরা বাঙলাদেশ এবং ভারতবর্ষের বিভিন্ন বিদ্বৎসভায় সভ্য অথবা উপদেষ্টারূপে কাজ ক'রে থাকেন। বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর বিভাগে অনেকেই আপন আপন বিষয়ের অধ্যাপনার জন্য আমন্ত্রিত হয়ে থাকেন।

**শিক্ষামূলক ভ্রমণ ও 'সেমিনার'**

প্রেসিডেন্সি কলেজে শিক্ষামূলক ভ্রমণের রীতি চলিত আছে। বিশেষ ক'রে বিজ্ঞানের ছাত্রদের এই ভ্রমণের প্রয়োজনীয়তা বেশি। এর দ্বারা ছাত্রদের মধ্যে আপন আপন বিষয়ের প্রতি কৌতূহলের সঞ্চার হয়। ভূতত্ত্ব, উদ্ভিদতত্ত্ব কিংবা ভূগোলের শিক্ষাদানের অঙ্গ হিসাবেই বাৎসরিক বহির্যাত্রার ব্যবস্থা করা হয়ে থাকে।

এই বছর ভূতত্ত্ব বিভাগ থেকে চারবার ভ্রমণের ব্যবস্থা করা হয়েছিল। ভারতবর্ষের বিভিন্ন স্থানে, যথা মাদ্রাজ, মহীশূর, অন্ধ্র, চক্রধরপুর, চাইবাসা, নোয়ামুন্ডি, ঝরিয়া ছিল অনুসন্ধানের স্থান। এই বিভাগে অন্যান্য বারের মতো বিদেশের ও ভারতবর্ষের বিভিন্ন পণ্ডিতেরা বক্তৃতা দিয়েছেন। ভূতত্ত্বের বিষয়ে চলচ্চিত্র প্রদর্শনীর ব্যবস্থা হয়েছিল। ভ্রমণে যেসব ছাত্র উৎকৃষ্ট নমুনা সংগ্রহ করতে পেরেছিল তাদের পুরস্কৃত করা হয়েছে। প্রাণিতত্ত্ব বিভাগ থেকে মাদ্রাজের গোপালপুরে ভ্রমণের আয়োজন করা হচ্ছে। শারীরতত্ত্ব বিভাগের ছাত্রেরা অধ্যাপক সচ্চিদানন্দ বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে মাউন্ট আবু, জামনগর মেডিকেল কলেজ, বরোদা মেডিকেল কলেজ এবং বোম্বাইএর ক্যানসার গবেষণা কেন্দ্র দেখতে যায়। ভূগোলের ছাত্রেরা এ বছর কয়লাখনি অঞ্চল, দামোদর ভ্যালি করপোরেশনের অঞ্চলগুলি, কাশ্মীর এবং পশ্চিম হিমালয়ের পীর পাঞ্জাব পার্বত্য অঞ্চল দেখে এসেছে। উদ্ভিদবিদ্যার বিভাগ থেকেও এই বছর চারবার বহির্যাত্রার ব্যবস্থা হয়েছিল। উত্তরপ্রদেশের পার্বত্য অঞ্চলে, নীলগিরি পর্বত অঞ্চলে, বোলপুর শান্তিনিকেতনে এবং দীঘা বেলপাহাড়ী অঞ্চলে এই ভ্রমণগুলি পরিচালিত হয়েছিল। এ ছাড়া কলকাতার পার্শ্ববর্তী স্থানে এই বিভাগ থেকে কিছু কিছু অনুসন্ধান চালানো হয়েছে।

সমগ্রভাবে কলেজের পুনর্মিলন উৎসব ছাড়াও কোন কোন বিভাগে এই উৎসব অনুষ্ঠিত হয়ে থাকে। এই উপলক্ষে নাট্যাভিনয়, শখের ক্রীড়া-প্রতিযোগিতা এবং বিতর্কের আয়োজন করা হয়। সেমিনারগুলিতে নিয়মিতভাবে আলোচনা ও বক্তৃতার ব্যবস্থা হয়। অনেক বিভাগে নিজের নিজের পত্রিকা প্রকাশ করা হয়।

হিন্দী বিভাগের উদ্যোগে এবার কলেজে তুলসী-জয়ন্তী পালন করা হয়। এতে সভাপতিত্ব করেন ডক্টর সুবোধচন্দ্র সেনগুপ্ত। বিখ্যাত হিন্দী কবি নিরাজ প্রধান অতিথির আসন অলংকৃত করেন।

**গ্রন্থাগার**

প্রেসিডেন্সি কলেজের গ্রন্থাগারে অনেক পুরনো দুষ্প্রাপ্য গ্রন্থ সংগৃহীত আছে। এ ছাড়া প্রতি বছরই প্রচুর বই কেনা হচ্ছে। দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় গ্রন্থাগারের বই কেনার জন্য ৩৯,০০০ টাকা পাওয়া গিয়েছে। এতে বহু মূল্যবান পুস্তক কেনা সম্ভব হয়েছে। বর্তমানে গ্রন্থাগারের গ্রন্থসংখ্যা ৮১,৫০০। বাঁধানো পত্রিকার সংখ্যা ৯,৯২৮। এই বৎসর ক্রীত পুস্তক ও পত্রিকার সংখ্যা যথাক্রমে ২,০২৯ এবং ১৮০। এর জন্য খরচ হয়েছে ৫৭,৭৩৫ টাকা। বই রাখার জন্য ৭,০০০ টাকা দিয়ে ১৭টি আলমারিও কেনা হয়েছে। তবু আমাদের পুরনো অভিযোগ যে একেবারে দূরীকৃত হয়েছে, এমন কথা বলতে পারি না। বই আমাদের কেনা হয়, কিন্তু বাঁধানোর সুব্যবস্থা নেই। বহু মূল্যবান পুস্তক ও পত্রিকা স্থানাভাবে অরক্ষিত অবস্থায় প'ড়ে আছে. গ্রন্থাগার-কর্মচারীর সংখ্যা যথোপযুক্ত না হওয়াতে বহু পুস্তকের বর্গীকরণ দ্রুত অগ্রসর হচ্ছে না।

অথচ প্রেসিডেন্সি কলেজের সমৃদ্ধ গ্রন্থাগারটি উচ্চশিক্ষার্থী ছাত্র ও গবেষকদের নিকট প্রায় অপরিহার্যই বলা যায়। বিশেষত এর পুরনো বই এবং কাগজপত্র ঐতিহাসিক তথ্যানুসন্ধানের পক্ষে পরম মূল্যবান। ছাত্রদের অধ্যয়নের সব রকম সুবিধাই অবশ্য যথাসম্ভব ক'রে দেওয়া হয়েছে। এই বৎসর ৪৮,০৩৬টি গ্রন্থের ব্যবহার হয়েছে: তার মধ্যে ৪৫.২৯৮টি বাড়িতে ব্যবহারের জন্য এবং ২,৭৩৮ খানি সেমিনারের জন্য।

### ছাত্র-সংসদ

আমাদের ছাত্র-সংসদের কর্মকলাপ অন্যান্য বৎসরের মতোই অব্যাহত আছে। বিতর্ক-সভা, কবি-সম্মেলন, জলসা, চলচ্চিত্র-প্রদর্শনী প্রভৃতি যথারীতি অনুষ্ঠিত হয়েছে। নাট্য পরিষদের উদ্যোগে দু'বার নাট্যাভিনয়ের আয়োজন হয়। ছাত্র-সংসদের উদ্যোগে প্রতি বৎসর একটি ক'রে জলযাত্রার ব্যবস্থা হয়। এবারও হয়েছিল। নবাগত-অভ্যর্থনা, শারদোৎসব প্রভৃতি যথারীতি হয়েছে। কলেজ পত্রিকা তার মান অক্ষুণ্ণ রেখেছে। সমাজসেবা বিভাগ থেকেও পাঠ্যপুস্তক গ্রন্থাগার এবং চীপ স্টোর পরিচালিত হয়ে আসছে। কলেজের খেলাধুলায় এবার শ্রীপ্রদীপকুমার গঙ্গোপাধ্যায় হকিতে কলেজ 'ব্লু' পেয়েছে।

ছাত্র-সংসদের পক্ষ থেকে বিদেশী ছাত্রদের নিয়ে আলোচনা-সভার আয়োজনও করা হয়েছিল।

### প্রেসিডেন্সি কলেজ প্রাক্তন ছাত্র-সংসদ

প্রেসিডেন্সি কলেজ প্রাক্তন ছাত্র-সংসদের অগ্রগতি অব্যাহত রয়েছে। ছেষট্টি জন আজীবন সদস্য নিয়ে এর বর্তমান সদস্য-সংখ্যা ৯০০। ২৭এ এপ্রিল নববর্ষ উপলক্ষে এক প্রীতি-সম্মেলন অনুষ্ঠিত হয়। ১৬ই আগস্ট অনুষ্ঠিত হয় বর্ষামঙ্গল। বৈতানিক সম্প্রদায়ের রবীন্দ্রসংগীত ও শ্রীসৌম্যেন্দ্রনাথ ঠাকুরের বর্ষাকাব্যালোচনা খুবই চিত্তাকর্ষক হয়েছিল। ১৭ই আগস্ট মাধ্যমিক ও ডিগ্রী শিক্ষা-ব্যবস্থার নানা পরিবর্তন নিয়ে এক মনোজ্ঞ আলোচনা-সভা বসে। তাতে অংশ-গ্রহণ করেন বিখ্যাত সুধীবৃন্দ। ৫ই অক্টোবর প্রাক্তন ছাত্র-সংসদ কর্তৃক রবীন্দ্রনাথের 'গোরা' অভিনীত হয়।

### উপসংহার

কলেজের বিভিন্ন প্রয়োজনে এই বিদ্যাভবনের স্থানস্বল্পতার কথা এই সূত্রে স্মরণীয়। ছাত্রদের কমন-রুমের অভাব সম্বন্ধে অনুযোগটি অনেকদিনের। 'সেমিনার' কক্ষগুলিরও নতুন সংস্কার দরকার। কলেজের নতুন বাড়ি উঠছে। আমাদের প্রদত্ত পরিকল্পনায় বিজ্ঞানের তিনটি 'ব্লকের' মধ্যে কেবল একটির কাজ এগিয়েছে। তাতে স্থান সংকুলান হওয়া সম্ভব নয়। পরিকল্পনা অনুসারে পুরোপুরি কাজ শেষ না হওয়া পর্যন্ত আর্টস বিভাগের বিশেষ কোন সুবিধা হবে ব'লে মনে হয় না।

আর-একটি কথাঃ প্রেসিডেন্সি কলেজে কলা ও বিজ্ঞান উভয় বিভাগেই এবং বিশেষত কলা বিভাগে স্নাতকোত্তর অধ্যাপনার আরও প্রসার আবশ্যক।

## APPENDIX I

**Statement of Publications and Research Work by Members of the Staff of the Presidency College or by students working under their guidance during 1958**

*English*

**Sen Gupta, Dr. S. C.**

Bankim Chandra : *Studies in Bengal Renaissance* : Bipin Chandra Pal Commemoration Volume, 1958.

**Sen, S. K.**

What Happens in Cariolanus (Shakespeare Association).

*Bengali*

**Mitra, Dr. Haraprasad**

1. সত্যেন্দ্রনাথ দত্তের কবিতা ও কাব্যরূপ (পরিমার্জিত ও পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ) (কথামালা প্রকাশনী)।
2. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ঃ গল্পকার ও ঔপন্যাসিক (ইন্ডিয়ান অ্যাসোসিয়েটেড পাবলিশিং কোং)।
3. সাহিত্য পাঠকের ডায়ারি (তৃতীয় পর্যায়) (এ মুখার্জি কোং) (যন্ত্রস্থ)।

**Datta, Bhabatosh**

1. ঈশ্বরচন্দ্র গুপ্ত রচিত কবিজীবনী (ক্যালকাটা বুক হাউস, কলিকাতা, ১৯৫৮)।
2. গিরীন্দ্রমোহিনী দাসী (বিশ্বভারতী পত্রিকা, ১৫শ বর্ষ, ১ম সংখ্যা)।
3. বিপিনচন্দ্র পাল (বিশ্বভারতী পত্রিকা, ১৫শ বর্ষ, ২য় সংখ্যা)।
4. বঙ্কিমচন্দ্রের সাহিত্যচিন্তা (দেশ, ২০এ অগ্রহায়ণ, ১৩৬৫)।

**Thakur, Dhirananda**

1. গৌড়ীয় বৈষ্ণব পদাবলীর তত্ত্ব (যুগ ও জীবন, ফাল্গুন, ১৩৬৫)।
2. রবীন্দ্রনাথের সোনার তরী (বিশ্ববাণী, চৈত্র, ১৩৬৪)।
3. সন্ধ্যাসঙ্গীতের মূল সুর (বিশ্ববাণী, জ্যৈষ্ঠ, ১৩৬৫)।
4. রবীন্দ্রনাথের সৌন্দর্যতত্ত্ব (বিশ্ববাণী, কার্তিক, ১৩৬৫)।
5. বার্ট্রান্ড রাসেলের New Hopes for a Changing World গ্রন্থের বঙ্গানুবাদ (যন্ত্রস্থ)।

—ইত্যাদি

**Nath, Dwijendralal**

1. রোমান্টিক সাহিত্যের ভূমিকা (শনিবারের চিঠি, পৌষ, ১৩৬৪)।
2. বাঙলা সাহিত্যে শশাঙ্কমোহন সেন (শনিবারের চিঠি, শ্রাবণ, ১৩৬৫)।
3. প্যারীচাঁদ মিত্র ঃ বাঙালী সংস্কৃতি ও বাঙলা সাহিত্য (বসুধারা, আষাঢ়, ১৩৬৫)।
4. যুগনায়ক বিদ্যাসাগর (বসুধারা, শ্রাবণ, ১৩৬৫)।
5. বাঙালী সংস্কৃতির একদিক ঃ লোকসঙ্গীত (প্রবাসী, শ্রাবণ, ১৩৬৫)।

**Mukhopadhyaya, Dr. Arunkumar**

1. কাব্যসঞ্চয় ঃ শ্রীসাবিত্রীপ্রসন্ন চট্টোপাধ্যায় (অভিজিৎ প্রকাশনী)।
2. বীরবলী প্রবন্ধরীতি (শনিবারের চিঠি, কার্ত্তিক, ১৩৬৫)।
3. রবীন্দ্রানুসারী কবিসমাজ (তরুণের স্বপ্ন, পৌষ, ১৩৬৪)।
4. কবি সত্যেন্দ্রনাথ দত্ত (শনিবারের চিঠি, পৌষ, ১৩৬৪)।
5. উনিশ শতকের মহিলা কবি (সংহতি, রজত জয়ন্তী সংখ্যা)।

—ইত্যাদি।

**Ghosh, Bholanath**

1. সাহিত্যে আধুনিকতার সীমা (যুগ ও জীবন, জ্যৈষ্ঠ, ১৩৬৫)।
2. সাহিত্যপ্রসঙ্গে (যুগ ও জীবন, পূজাসংখ্যা, ১৩৬৫)।

—ইত্যাদি।

*History*

**Biswas, Dilip Kumar**

1. Maharshi Devendranath Tagore and the Tattwabodhini Sabha (*Studies in Bengal Renaissance*: Bepin Chandra Pal Commemoration Volume. Edited by Atul Chandra Gupta, 1958, Chapter IV).
2. রামমোহন রায় ও ফরাসী বিদ্বন্মণ্ডলী (বিশ্বভারতী পত্রিকা, পঞ্চদশ বর্ষ, প্রথম সংখ্যা)।
3. ঐতিহাসিক যদুনাথ সরকার (বঙ্গীয় সাহিত্য পরিষৎ পত্রিকা, ৬৪ খণ্ড)।
4. Critical Edition of S. D. Collet's Life and Letters of Raja Rammohun Roy (in collaboration with Sj. Prabhat Chandra Ganguli) (in the Press).

*Philosophy*

**Choudhury, Dr. P. J.**

1. Science, Art and Religion (*Visva Bharati Quarterly,* January, 1958).
2. Meaning and Verification of Truth (*The Calcutta Review,* April, 1958).
3. Philosophical Argument (*The Calcutta Review,* September, 1958).
4. "All and Some" Judgments (*The Philosophical Quarterly,* July, 1958).
5. The Empirical and the A Priori Statements (*The Journal of the Philosophical Association,* June-September, 1958).
6. Indian Personalism (*Prabuddha Bharata,* April, 1958).
7. Vedanta as Phenomenology (*Bulletin of the Ramkrishna Mission Institute of Culture,* March 1958).
8. Artistic Object and Enjoyment : An Essay in the Co-ordinated Theory of Art (*Journal of the Department of Letters,* Volume II, New Series, Part I).
9. Describing and Prescribing (*The Philosophical Quarterly,* December, 1958).

**Bhattacharya, Dr. T. S.**

1. Generic Non-existence According to Gangesa (*Journal of the Ganganath Jha Research Institute,* April, 1958).
2. Kali, the meaning of Maya in Advaita (*Mother,* June-September, 1958) and other essays.

*Economics*

**Datta, Dr. Bhabatosh**

1. The Investment Criterion Problem (*Arthaniti,* Calcutta, May, 1958).
2. Import Control and the Man (*The Economic Weekly,* Bombay, Special. Number, July, 1958).
3. Growing Pains in the Indian Second Plan (*Readings in Economics,* McGraw Hill, New York, 1958).

**Majumdar, Dr. Tapas**

1. Measurement of Utility (Macmillan, London, 1958).
2. Behaviourist Cardinalism in Utility Theory (*Economics,* February, 1958).

**Bagchi, Amiyakumar**

1. A Note on the Macro-economic Theories of Profit (*Arthaniti,* May, 1958).
2. Economic Development and Labour Engaged in Food Production (*Arthaniti,* November, 1958).

*Mathematics*

**Ghosh, N. L. and Chatterjee, H. K.**

Resistance in Potential Flow : Prolate and Oblate Spheroids [*Proc. Nat. Inst. Sci. Ind.* (1958)] (in the Press).

**Chatterjee, H. K.**

Resistance in Potential Flow with Circulation (I). Circular and Elliptic Cylinders [submitted to the Congress of Theoretical and Applied Mechanics, 1958].

**Roy, Sm. Durga**

Resistance of a Circular Cvlinder due to a pair of vertices moving symmetrically. *ZAMP* (1958) (in the Press).

**Basu, Dr. S. K.**

On the relative total strength of the Albert's method and Holder's method of negative order (*Proc. 46th Ind. Sc. Congress*).

*Chemistry*

**Shome, S. C. and Choudhury, A. K.**

1. Prevention of corrosion of steel, Part I. Protective action of oxide pigments and lead and zinc. (*J. Sci. and Ind. Research,* Vol. 17A, page 30, 1958).
2. Prevention of corrosion of steel, Part II. Inhibitive behaviour of chromates, molybdates and tungstates of zinc and lead (*J. Sci. and Ind. Research,* Vol. 17A, page 35, 1958).

**Shome, S. C. and Sinha, S. K.**

1. Determination of cobalt with N-benzoylphenylhydroxylamine (*Proc. Ind. Sci. Cong.,* Part III, page 151, 1958).
2. N-benzoylphenylhydroxylamine as analytical reagent (communicated to the *Analyst,* U.K.).

**Chatterjee, D. N.** (in collaboration with Prof. Donald D. Phillips of Cornell University)

1. The Friedel-Crafts condensation of *trans*-2-hydroxycyclohexane acetic acid lactone with aromatic hydrocarbons, Part I, Benzene and napthalene (*J. American Chemical Society,* 1958, Vol. 80, page 1360).
2. The Friedel-Crafts condensation of *trans*-2-hydroxycyclohexane acetic acid lactone with aromatic hydrocarbons, Part II, p-xylene, tetralin and alpha-methyl naphthalene. (*J. American Chemical Society,* 1958, Vol. 80, page 1911).
3. Polynuclear aromatic hydrocarbons IX. The synthesis of 3, 4-benzpyrene and 7-methyl-3, 4-benzpyrene (*J. Amer. Chem. Soc.,* 1958, Vol. 80, page 4360).
4. Polynuclear aromatic hydrocarbons X: The synthesis of 6, 7-acebenzo (c) phenanthrene (*J. Amer. Chem. Soc.,* 1958, Vol. 80, page 4364).

**Dasgupta, P. R.** (in collaboration with Prof. Young of Cambridge University)

(in collaboration with Prof. Young of Cambridge University)

1. Activation of hormonal secretion—Precorticotropin [*Nature,* 182, 32 (1958)].
2. Growth hormone and R.Q.—The activity *in vitro* of growth hormone in reducing the respiratory quotient of rat diaphragm [*Biochemical Journal,* Vol. 71, page 243 (1958)].

*Physics*

**Ghoshal, Dr. S. N.** and his research-assistant

Energy Distribution of neutron from radium-D beryllium source with the help of emulsion-technique—Bani Sen (*Ind. Jour. of Phys.;* communicated for publication).

**Basak, Dr. B. S.**

A simple and accurate method of preparing a calibrating wedge for measuring the intensities of spots in X-ray photography (*Bulletin of National Institute of Sciences of India*).

**Sen Chaudhury, Dr. P. K.**

Absorption co-efficients and energy spectra of gamma-rays under thick layers of lead (*Ind. Jour. Physics,* 1958, Vol. 32, page 430).

**Kar, Dr. K. C.** (Emeritus Professor of Physics) and his research-assistants

1. Determination of Bp, Bn in the region z=49 to z=54—Amita Bose.
2. Note on the dynamical co-efficient of friction—K. C. Kar and Mrs. C. Dutt.
3. Extension of Kar-formula for minimum bowing pressure—K. C. Kar and Mrs. C. Dutt.
4. A new derivation of Klein-Nishina formula without matrices—K. C. Kar and B. N. Paria.
5. Graphical determination of Bp, Bn (Part II)—S. P. Banerjee.
6. A simple theory of Bremstrahlung without Dirac matrices—K. C. Kar and B. N. Paria.
7. On the smoothness of Bp, Bn graph—S. P. Banerjee.

*Physiology*

**Banerjee, Sachchidananda and Singh, H. Devendra**

Effect of exogenous insulin on the dehydroascorbic acid and glutathione content of tissues in scurvy [*Journal of Scientific and Industrial Research,* Vol. 17C, page 1 (1958)].

**Banerjee, Sachchidananda and Divakaran, E. R.**

Studies on the comparative utilization of glucose, fructose and galactose in alloxan-diabetes [*Indian J. Med. Res.,* Vol. 46, page 269 (1958)].

**Banerjee, Sachchidananda and Agarwal, P. S.**

Nicotinic acid—Tryptophan metabolism in certain diseases [*Proceedings of the Society for Experimental Biology and Medicine, U.S.A.,* Vol. 97, page 65 (1958)].

**Banerjee, Sachchidananda and Rohatgi, K. S.**

Different fractions of serum proteins in normal and scorbutic guineapigs [*Proc. Soc. Exp. Biol. Med., U.S.A.,* Vol. 97, page 234 (1958)].

**Banerjee, Sachchidananda and Sen, R. N.**

Body composition of Indians and its relations to Basal Metabolic Rate [*Journal of Applied Physiology, U.S.A.,* Vol. 12, page 29 (1958)].

**Banerjee, Sachchidananda, Biswas, D. K. and Singh, H. Devendra**

Studies on carbohydrate metabolism in scorbutic guineapigs [*Journal oj Biological Chemistry,* Vol. 230, page 261 (1958)].

**Banerjee, Sachchidananda and Pain, S. K.**

Pteroylglutamic acid in different diseases [*Proc. Soc. Exp. Biol. Med., U.S.A.,* Vol. 97, page 326 (1958)].

**Banerjee, Sachchidananda and Agarwal, P. S.**

Tryptophan-nicotinic acid metabolism in scizophrenia [*Proc. Soc. Exp. Biol. Med., U.S.A.,* Vol. 97, page 657 (1958)].

**Agarwal, P. S., Chatterjee, K. P. and Banerjee, Sachchidananda**

Nicotinic acid—Tryptophan metabolism in man [*Indian J. Med. Res.,* Vol. 46, page 431 (1958)].

**Muhkerjee, M. and Banerjee, Sachchidananda**

Studies on protein and carbohydrate metabolism as affected by vitamin $B_{12}$ and folic acid deficiency in rats [*Indian J. Med. Res.,* Vol. 46, page 435 (1958)].

**Mitra, P. and Banerjee, Sachchidananda**

Studies on the effect of germination on strepogenin contents of pulses [*Indian J. Med. Res.,* Vol. 46, page 492 (1958)].

**Sen, R. N. and Banerjee, Sachchidananda**

Studies on the deterination of body fat in Indians [*Indian J. Med. Res.,* Vol. 46, page 556 (1958)].

**Rohatgi, K. S., Roy, H. and Banerjee, Sachchidananda**

Protein metabolism in scorbutic monkeys [*Indian J. Med. Res.,* Vol. 46, page 661 (1958)].

**Banerjee, Sachchidananda, Rohatgi, K. S., Mukherjee, M. and Sen, R. N.**

Determination of the surface area of the body of Indian females [*Indian J. Med. Res.,* Vol. 46, page 669 (1958)].

**Banerjee, Sachchidananda and Singh, H. Devendra**

Cholesterol metabolism in scorbutic guineapigs [*J. Biol. Chem. U.S.A.,* Vol. 233, page 336 (1958)].

**Banerjee, Sachchidananda and Divakaran, E. R.**

Effect of tolbutamide on the blood sugar and blood inorganic phosphate of Rhesus monkeys [*Journal of Scientific and Industrial Research,* Vol. 17C, page 163 (1958)].

**Banerjee, Sachchidananda and Dravid, A. R.**

Histochemical and histological studies in normal and folic acid and vitamin $B_{12}$ deficient rats [*Proceedings of the National Institute of Sciences, India,* Vol. 24B, page 191 (1958)].

**Banerjee, Sachchidananda, Mitra, P. and Chattopadhyay, H.**

Bound ascorbic acid contents of germinated legumious seeds [*Indian J. Med. Res.*, Vol. 46, page 777 (1958)].

**Banerjee, Sachchidananda and Divakaran, E. R.**

Utilization of glucose, fructose and galactose by scorbutic guineapigs [*American Journal of Physiology,* Vol. 195, page 291 (1958)].

**Sen, R. N. and Banerjee, Sachchidananda**

Determination of Basal Metabolic Rate and blood concentration of protein-bound iodine, cholesterol and glucose in Indians [*Indian J. Med. Res.,* Vol. 46, page 759 (1958)].

**Nandi, D. N. and Banerjee, Sachchidananda**

1. Studies on Biochemical and hematological changes produced by electric convulsion therapy in patients suffering from schizophrenia [*Indian J. Med. Res.,* Vol. 46, page 765 (1958)].
2. Adrenocortical function in some mental diseases [*Proc. Soc. Exp. Biol. Med.,* Vol. 99, page (1958)].

**Mukherjee, S. and Banerjee, Sachchidananda**

Blood glutathione and ascorbic acid in normal pregnancy and in pre-eclamptic toxaemia [*Indian Jour. Physiol. Pharmavol.,* Vol. 2, page 501 (1958)].

## *Geology*

**Banerjee, Dr. A. K.**

On the origin of the Apatite-Magnetite veins around Ramchandra Pahar, south of Tatanagar, Singbhum, district Bihar [*Science and Culture,* Vol. 24, pages 141-2 (1958)].

**Saha, Dr. A. K.**

Mineralogical and chemical variations in the Hastings County, Ontario (*American Journal of Science,* November, 1958).

**Saha, Dr. A. K.** (jointly with G. S. Chatterjee and A. K. Ray of Geological Survey of India)

Ground-water studies around Bhuvaneswar, Orissa (Publication No. 4, Central Board of Geophysics).

**Bose, M. K.**

1. On the alteration of Lavas of Noamundi—A study in hematitisation (*Science and Culture,* Vol. 23, June, 1958).
2. On the occurrence of Nepheline Syenite at Koraput, Orissa (*Ibid,* Vol. 24, August, 1958).
3. Alteration phenomena associated with the ultramafics of Hatgamariah (*Quarterly Jr. Geol. Min. Met. Soc. India,* Vol. 30, No. 1).
4. On the dyke rocks of Champua, Keonjhar, Orissa (*Ibid,* Vol. 30, No. 3).
5. Study of Mineralisation in the fringe of Kolhanbasin (*Indian Mining Journal,* September, 1958).
6. Geothite-hematite relation—An ore-microsope observation (*The American Minerologist,* Vol. 43, September-October, 1958).

**Sarbadhikari, T. R.**

1. Petrology of a part of the eastern Rajmahal Hills (*Science and Culture,* Vol. 24, No. 3).
2. Clay amygdale from Rajmahal traps (*Science and Culture,* Vol. 24, No. 4, pages 185-6).

*Geography*

**Lahiri, T.**

1. Bhagirathi-Bidyadhari Area—A Regional Study (Silver Jubilee Number of *Geographical Review of India*) (in the Press).
2. Indonesia (*Amrita Bazar Patrika,* Sunday sections, April, 1958).

*Zoology*

**Hajra, B.**

Species sensitivity of soil amoebae to trinitrophenol (*Proc.* 46*th Ind. Sci. Cong.*).

**Sanyal, S.**

Induction by hypostome in Hydra : Competence variable at different body levels (*Proc.* 46*th Ind. Sci. Cong.*).

**Ganguly, B.**

The stress of variable pH on sponge cells (*Proc.* 46*th Ind. Sci. Cong.*).

**Nagarajan, S.**

Effects of chemicals on the nuclei of Hydra cells (*Proc.* 46*th Ind. Sci. Cong.*).

**Adhikari, S.**

Mitotic Significance of endoderm and mesoderm in chick gastrula (*Proc.* 46*th Ind. Sci. Cong.*).

**Banerjee, S.**

Effects of environmental factors on the egg-laying pattern of Bruchus sp. (*Proc.* 46*th Ind. Sci. Cong.*).

**Mookerjee, Sivatosh**

1. Can Man artificially create life (*Akasbani*).
2. Effects of cell inversion on differentiating trends of cells in Hydra (*Nature*) (in the Press).

**Mookerjee, Sivatosh, Ganguly, B. and Choudhury, M.**

Transference of inert particles across the cell surface (*Exp. Cell. Research*) (in the Press).

**Mookerjee, Sivatosh and Nagarajan, S.**

Heterogeneity of nuclear structure in Hydra (*Nature*) (in the Press).

**Mookerjee, Sivatosh and Balasubramanium, K.**

Mitotic inactivity of the cells at the region of evocation (*Naturwiss*) (in the Press).

**Sen, P. and Das Gupta, S. K.**

1. Abnormal antenna in *Culicoides* (Diptera : Ceratopogonidae) (*Proc. 46th Ind. Sci. Cong.*).
2. On determination of age in the biting midges *Culicoides alatus* (Diptera : Ceratopogonidae) (*Proc. 46th Ind. Sci. Cong.*).
3. Nocturnal periodicity of biting midges (Diptera : Ceratopogonidae) (*Proc. 46th Ind. Sci. Cong.*).

*Botany*

**Bhaduri, P. N.**

1. Cytogenetics and crop improvement (Presidential Address, Indian Science Congress, Madras).
2. Chromosome study as an aid to classification of crop varieties (Presidential Address, Indian Society of Genetics and Plant-breeding, New Delhi).

**Chakravarty, H. L.**

1. Monograph of Indian Cucurbitaceae (*Records of Botanical Survey of India,* XVII, 1958).
2. Contribution to the morphology of male flowers of some wild Cucurbitaceae [*Bull. Bot. Soc.* (*Beng.*), XI, 1958] (under publication).
3. Species of India [*Economic Botany* (*U.S.A.*), 1958] (under publication).

**Chaudhury, J. K.**

1. A few observations on the camphor and camphor-oil content of Cuinamomum camphor found in West Bengal [*Indian Forester,* Vol. 84, page 42 (1958)].
2. Production of camphor and camphor-oil from Ocimum Kilimandascharium raised in West Bengal [*Indian Forester,* Vol. 84, page 577 (1958)].

**Chaudhury, J. K. and Saha, Shyamapada**

Studies in the physiology of fruits and vegetables—Analytical observations in two varieties of banana during storage and ripening in different temperatives [*Proc. Symon Recent Advances in the study of Plant metabolism,* Allahabad University, page 39 (1958)].

**Chaudhury, J. K. and Banerjee, Udayan**

Studies in the physiology of fruits and vegetables—Changes in potatoes during storage under different conditions [*Ibid,* page 37 (1958)].

**Ganguli, H. C.**

Mosses of Eastern India I. Eubryanales Series I Fissidentales Bull [*Bot. Soc.* (*Beng.*)] (in the Press).

# APPENDIX II

## Results of University Examinations

### *Intermediate Examinations, 1958*

Names of students placed among the first ten

#### I.Sc.

| | | |
|---|---|---|
| 1. | Netai Charan Mukherjee | 1st |
| 2. | Asitranjan Chakraborti | 2nd |
| 3. | Amarnath Roy | 3rd |
| 4. | Amit Kumar Saha | 4th |
| 5. | Ramendraprasad Roy | 6th |
| 6. | Sailendranath Chattopadhyay | 7th |
| 7. | Triptesh Kr. De | 8th |
| 8. | Shibabrata Mukhopadhyay | 9th |

#### I.A.

| | | |
|---|---|---|
| 1. | Viswanath More | 4th |
| 2. | Bimalnayan Jalan | 5th |

### *B.A. and B.Sc. Examinations, 1958*

Names of students obtaining 1st Class

(*Merit in order of this College*)

#### B.A.

*History*

| | |
|---|---|
| Sumit Sarker | 1st |

*Mathematics*

| | |
|---|---|
| Nirmalya Sinha | 1st |

*English*

| | |
|---|---|
| Ketaki Kusari | 1st |

*Pali*

| | |
|---|---|
| Dipak Kumar Barua | 1st |

*Economics*

Pranab Kumar Bardhan .. .. .. .. 1st
Ashoke Chandra Sen .. .. .. .. .. 2nd
Jayanta Kumar Sarker .. .. .. .. .. 3rd
Ramgopal Agarwala .. .. .. .. .. 4th
Narmal Agarwal .. .. .. .. .. 5th

**B.Sc.**

*Geology*

Amaljyoti Sengupta .. .. .. .. .. 1st
Akhilesh Chowdhuri .. .. .. .. .. 2nd
Sudhir Kumar Basu Mallik .. .. .. .. 3rd
Subimal Sinha Roy .. .. .. .. .. 4th
Cecil Laha .. .. .. .. .. .. 5th
Utpal Kumar Basu .. .. .. .. .. 6th
Sanjay Kumar Chandra .. .. .. .. 7th
Manindra Coomar .. .. .. .. .. 8th

*Zoology*

Samir Kumar Banerjee.. .. .. .. .. 1st
Jayanta Krishna Datta .. .. .. .. 2nd

*Physics*

Chanchal Kumar Mazumdar .. .. .. .. 1st
Mrinal Kusum Barua .. .. .. .. .. 2nd
Sudev Ranjan Chaki .. .. .. .. .. 3rd
Gopal Chandra Samanta .. .. .. .. 4th
Gopal Sakha Mandal .. .. .. .. .. 5th
Mrinal Kanti Pal .. .. .. .. .. 6th

*Mathematics*

Chittaranjan Biswas .. .. .. .. .. 1st
Pranab Kumar Mitter .. .. .. .. .. 2nd
Jayanta Bhattacharjee ... .. .. .. .. 3rd

*Geography*

| | |
|---|---|
| Saroj Kumar Pal | 1st |
| Santana Pal | 2nd |
| Mrinal Kanti Datta | 3rd |

*Statistics*

| | |
|---|---|
| Kunal Kanti Basu Roy | 1st |
| Gouri Kanta Bhattacherjee | 2nd |
| Samprit Chatterjee | 3rd |
| Manish Ch. Bhattacherjee | 4th |
| Rudra Kanta Sinha | 5th |

## M.A. and M.Sc. Examinations, 1957

Names of students obtaining 1st Class

(*Merit in order of the University*)

### M.A.

*Pali*

| | |
|---|---|
| Anil Chandra Pal | 1st |

*History*

| | |
|---|---|
| Prasanta Kumar Chattopadhyay | 1st |

*Economics*

| | |
|---|---|
| Amiya Kumar Bagchi | 1st |
| Jyotish Kumar Bhattacharjee | 2nd |
| Samarendralal Basu | 5th |

### M.Sc.

*Pure Mathematics*

| | |
|---|---|
| Amiyagopal Mukhopadhyay | 3rd |

*Chemistry*

| | |
|---|---|
| Ajit Kumar Chakraborti | 1st |
| Mukul Chandra Das | 3rd |

*Physiology*

| | |
|---|---|
| Bijan Kumar Ghosh | 1st |

*Geology*

| | |
|---|---|
| Pradip Kumar Gangopadhyay | 1st |
| Kamal Kumar Basu | 2nd |
| Bikash Chandra Poddar | 3rd |
| Srikumar Das Gupta | 4th |
| Subinay Gangopadhyay | 5th |
| Sanatan Roy Chowdhuri | 6th |

*Zoology*

| | |
|---|---|
| Ardhendu Sekhar Mukhopadhyay | 1st |
| Simananda Adhikari | 2nd |
| Banani Moitra | 6th |

*Geography*

| | |
|---|---|
| Latika Guha | 5th |

*Statistics*

| | |
|---|---|
| Pranab Kumar Sen | 1st |

## APPENDIX III

### Prizes and Medals

### Awarded by the University

*M.A. and M.Sc. Examinations, 1957*

**M.A.**

*Pali*

| | |
|---|---|
| Anil Chandra Pal | Gold Medal and Prize of Rs. 200. |

*History.*

| | |
|---|---|
| Prasanta Kumar Chattopadhyay | (1) Prize of Rs. 200 only,<br>(2) Dr. Gauranganath Banerjee Memorial Prize. |

*Economics*

| | |
|---|---|
| Amiya Kumar Bagchi | (1) Gold Medal and Prize of Rs. 200.<br>(2) Kshetramani Nagendralal Gold Medal. |
| Jyotish Kumar Bhattacharyya | Silver Medal and Prize of Rs. 100. |

## M.Sc.

*Statistics*

| | |
|---|---|
| Pranab Kumar Sen | Gold Medal and Prize of Rs. 200. |
| Saktipada Ghosh | Silver Medal and Prize of Rs. 100. |

*Chemistry*

| | |
|---|---|
| Ajit Kumar Chakraborty | Gold Medal and Prize of Rs. 200. |

*Physiology*

| | |
|---|---|
| Bijan Kumar Ghosh | Gold Medal and Prize of Rs. 200. |

*Geology*

| | |
|---|---|
| Pradip Kumar Gangopadhyay | Gold Medal and Prize of Rs. 200. |
| Kamal Kumar Basu | Prize of Rs. 100 only. |

*Zoology*

| | |
|---|---|
| Ardhendusekhar Mukhopadhyay | Gold Medal and Prize of Rs. 200. |
| Simananda Adhikari | Silver Medal, II and Prize of Rs. 100. |

*B.A. and B.Sc. Examinations, 1958*

## B.A.

| | |
|---|---|
| Umesh Chandra Das | Vidyasagar Silver Medal (a gold-rimmed Silver Medal out of the value of the Medal). |
| Arun Sen | Krishnokumar Dutt Silver Medal. |
| Pranab Kumar Bardhan | (*a*) N. N. Ghosh Gold Medal (a gold-rimmed Silver Medal out of the value of the Medal).<br>(*b*) Shama Charan Ganguly Prize (B.A.) |
| Sumit Sarker | (*a*) Thakurdas Kerr Gold Medal.<br>(*b*) Adhar Chandra Mookerjee Commemoration Prize.<br>(*c*) Bipinbihari Memorial Prize. |
| Asok Chandra Sen | Quinlan Memorial Silver Medal. |
| Ketaki Kusari | (*a*) Bankim Chandra Gold Medal.<br>(*b*) Manackjee Rustamjee Gold Medal.<br>(*c*) Abinash Chandra Gold Medal.<br>(*d*) Nagendra Gold Medal. |

## B.A.

| | |
|---|---|
| | (*e*) Sarveswara and Purnachandra Gold Medal (a gold-rimmed Silver Medal out of the value of the Medal). |
| | (*f*) Dwarakanath Banerjee Silver Medal. |
| | (*g*) W. C. Ghose Silver Medal. |
| | (*h*) Preonath Ghosh and Gagantara Dasi Silver Medal. |
| | (*i*) Tawney Memorial Prize. |
| | (*j*) Satischandra Ghosh Prize in Bengali. |
| | (*k*) Rai L. M. Chatterjee Bahadur Prize. |

## B.Sc.

| | |
|---|---|
| Chittaranjan Biswas .. | .. McCaun Silver Medal. |
| Chanchal Kumar Mazumdar | .. (*a*) Gangaprasad Gold Medal. |
| | (*b*) Tripundeswar Mitra Gold Medal. |
| | (*c*) Shamacharan Ganguly Prize (B.Sc.) |
| Mrinal Kusum Barua .. | .. Mohinimohan Ray Memorial Gold-rimmed Silver Medal (a Silver Medal out of the value of the Medal). |
| Amaljyoti Sengupta .. | .. Hemchandra Das Gupta Silver Medal. |
| Kunal Kanti Basu Ray .. | .. Subhendusekhar Bose Gold Medal. |

## Awarded by the Presidency College

### Awards on the results of the I.A. and I.Sc. Examinations of the University in 1958

| | Name of prizes, medals, etc. | Name of recipient | Condition of award |
|---|---|---|---|
| 1. | Scindia Gold (Centered) Medal and Gwalior Prize. | Shri Netai Charan Mukherjee .. | Highest mark from the College in the I.Sc. Examination. |
| 2. | Scindia Gold (Centered) Medal and Gwalior Prize. | Shri Viswanath More .. .. | Highest mark from the College in the I.A. Examination. |
| 3. | Arun Sarker Memorial Medal .. | Shri Ranjit Kumar Biswas .. .. | Highest mark in Bengali in I.A. and I.Sc. Examinations among the students of the College. |
| 4. | Harish Chandra Kaviratna Prize .. | Shri Manoj Kumar Ghatak .. .. | Highest mark in Sanskrit in I.A. and I.Sc. Examinations among the students of the College. |
| 5. | Chandra Nath Moitra Medal .. | Shri Ashit Ranjan Chakraborty .. | Highest mark in Geology in I.Sc. Examination among the students of the College. |
| 6. | C. C. Ghosh Memorial Prize .. | Sm. Anuradha Basu .. .. | Highest mark in English in I.A. and I.Sc. Examinations among the students of Third Year English Hons. Class of the College. |
| 7. | College Prize .. .. | Shri Tapan Ganguly .. .. | Highest mark in Geography at I.A. and I.Sc. Examinations obtained by a student of this College who has been admitted in the Third Year Class. |
| 8. | D. C. Ghosh Prize .. .. | Shri Samir Gupta .. .. .. | Highest mark in History at I.A. Examination obtained by a student of this College who has been admitted in the Third Year Class. |

### Awards on the result of the Annual Examination of the College in 1958

| | | | |
|---|---|---|---|
| 9. | Ashutosh Mukherjee Prize | Shri Deb Kumar Das Gupta | Highest mark in First Year Science Examination. |
| 10. | Ashutosh Mukherjee Prize | (1) Shri Naresh Kumar Arora<br>(2) Shri Chittabrata Palit | Highest mark in First Year Arts Examination. |
| 11. | Kunja Behari Basack Medal | Shri Debdatta Roy | Highest mark in Practical Chemistry among the students of Third Year Pass and Hons. Classes of the College. |
| 12. | Nistarini Dasi Prize | Shri Aloke Kumar Majumder | Best Laboratory Note Book in Physics among Second Year Science students of the College. |

### Awards on the results of B.A. and B.Sc. Examinations of the University in 1958

| | | | |
|---|---|---|---|
| 13. | Cunningham Memorial Prize | Shri Salil Kumar Roy | Highest mark in Chemistry Hons. in B.Sc. Examination among the students of the College. |
| 14. | College Prize | Shri Priyalal Majumder | Highest mark in Chemistry Hons. among the Fifth Year students of this College. |
| 15. | J. C. Nag Memorial Medal | Shri Subhash Chandra De | Highest mark in Botany in B.Sc. Hons. Examination among the students of this College. |
| 16. | J. C. Sinha Economics Prize | Shri Pranab Kumar Bardhan | Highest mark in Economics Hons. in B.A. Examination among the students of this College. |

### Awards on the results of M.A. and M.Sc. Examinations of the University in 1957

| | | | |
|---|---|---|---|
| 17. | Chandranarayon Gold (Centered) Medal. | Shri Prasanta Kumar Chattopadhayay | Highest mark in History among the students of the College. |
| 18. | Cunningham Memorial Prize | Shri Ajit Kumar Chakrabarty | Highest mark in Chemistry among the students of the College. |

WBGP-53/9-7611F-1,500

পশ্চিমবঙ্গ সরকারী মুদ্রণে মুদ্রিত